http://rangpur.judiciary.org.bd/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
রংপুর।

আদেশ নং-৩৪/২০১৯

তারিখ-১৭/০৭/২০১৯খ্রিঃ।

বিষয় ঃ নিজস্ব অর্থব্যয়ে বহিঃ বাংলাদেশ ভারতে গমনের/ভ্রমনের নিমিত্ত অর্জিত ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

রংপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর রেকর্ড রুমে কর্মরত সহকারী রেকর্ড কিপার জনাব মোছাঃ রুবী বেগম ভারতে ধর্মীয় ও ঐতিহাসিক স্থান দর্শনের নিমিত্ত আগামী ০৮/০৮/২০১৯ খ্রি: তারিখ হইতে ২২/০৮/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিনের জন্য ভারত গমনের লক্ষ্যে অর্জিত ছুটি মঞ্জুরের আবেদন দাখিল করেন। তাহার আবেদনের প্রেক্ষিতে অর্জিত ছুটি প্রাপ্যতা বিষয়ে অত্রাদালতের প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব রক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। হিসাব রক্ষকের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আবেদনকারী কর্মচারীর সর্বমোট (৩৪১-৭১) = ২৭০ দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি পাওনা রহিয়াছে।

এমতাবস্থায় আবেদনকারী কর্মচারীর প্রার্থীত মতে নিজস্ব অর্থে ভারত গমণের অনুমতিসহ ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা ৩(১)(i) ও (ii) মোতাবেক আগামী ০৮/০৮/২০১৯ খ্রিঃ হইতে ২২/০৮/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণগড় বেতনে ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হইল।

ইহা সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরীর খতিয়ান বহিতে নোট প্রদান করা হউক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

(মোঃ হায়দার আলী)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রংপুর।

স্মারক নং-সিজেএমসি/রং/১৫১(০৫)/২০১৯

তারিখ-১৭/০৭/২০১৯খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব বিভাগ/রেকর্ড রুম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
২। বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
৩। ইমিগ্রেশন অফিসার, স্থল বন্দর, বিমানবন্দর, বেনাপোল, যশোর/বাংলাবান্ধা, পঞ্চগড়/বুড়িমাড়ী/হিলি, দিনাজপুর।
৪। জনাব মোছাঃ রুবী বেগম, সহঃ রের্কড কিপার, রেকর্ড রুম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
৫। আদেশ ফাইল/অফিস কপি।

(মোঃ হায়দার আলী)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রংপুর।